গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাজেট শাখা

বিষয় ঃ নিয়মিত আয়ের উৎসবিহীন মসজিদ ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে ব্যবহৃত মাসিক ১০০ ইউনিট পর্যন্ত বিদ্যুৎ বিল পরিশোধের লক্ষ্যে ২০/১১/১২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ	কাজী হাবিবুল আউয়াল সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
স্থান	ঃ	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভা কক্ষ।
তারিখ	ঃ	২০/১১/২০১২খ্রিঃ
সময়	ঃ	সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট 'ক'।

২। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এবং পরিচয় পর্বের মাধ্যমে সভার কাজ শুরু করেন। অতঃপর সচিব মহোদয়ের অনুমোদনক্রমে মন্ত্রণালয়ের গবেষণা কর্মকর্তা সভায় আলোচ্যসূচি সভাকে অবহিত করেন। তিনি বলেন যে, ২০১১-১২ অর্থ বছরের মঞ্জুরী বরাদ্দের জিওতে বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে প্রতিপালনের জন্য কিছু শর্ত প্রদান করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি এ সকল শর্ত প্রতিপালনের বিষয়ে বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহ এ মন্ত্রণালয়কে কিছুই অবহিত করেনি। ফলে ২০১২-১৩ অর্থ বছরের বিদ্যুৎ বিলের অর্থ পুনর্ভরণের কাজ শুরু করা সম্ভব হচ্ছে না। এছাড়া ১৯৯১ সালে এ মন্ত্রণালয় হতে ৫টি বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষের আওতায় ২২,২১৮টি মসজিদ/ধর্মীয় উপাসনালয়ের সংখ্যা নির্ধারণ করে দেয়া হয় এবং এ সংখ্যা মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে বৃদ্ধির কোন সুযোগ নেই। কিন্তু পল্লী বিদ্যুতায়ন বোর্ডের নির্ধারিত মসজিদ/উপাসনালয়ের সংখ্যা ১৩,৭০১টির স্থলে ১৯৯১ সাল হতে ১৫,৬৪৮টি মসজিদ/উপাসনালয়ের বিল গ্রহণ করে আসছে। এতে করে মন্ত্রণালয় হতে বিগত ২২ বছরে আনুমানিক ১৭/১৮ কোটি টাকা অতিরিক্ত গ্রহণ/প্রদান করা হয়েছে। এ বিষয়টি নিস্পত্তি হওয়া প্রয়োজন। এ প্রেক্ষিতে পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সদস্য (অর্থ) বলেন যে, বিভিন্ন সময়ে অন্যান্য বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষের নিকট হতে কোন কোন এলাকা পল্লী বিদ্যুতায়ন বোর্ডের অধিগ্রহণের আওতায় আসায় এ সংখ্যা বৃদ্ধি হতে পারে। তবে এ বিষয়টি নিস্পত্তির জন্য তাঁরা অন্যান্য বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষের সহযোগিতা চেয়েছিলেন, কিন্তু ঐ সকল প্রতিষ্ঠান তাতে সাড়া দেয়নি। প্রেক্ষিতে সভা মসজিদ/উপাসনালয়ের সংখ্যার বিষয়টি নিস্পত্তির জন্য বিদ্যুৎ বিভাগকে একটি কমিটি করে তা নিস্পত্তির জন্য মতামত পোষণ করে। এছাড়া সভায় ডেসা ও ডেসকোর আওতাভুক্ত যে সকল মসজিদ/উপাসনালয় রয়েছে সে সকল মসজিদ/উপাসনালয়ের বর্তমান বিদ্যুৎ ব্যবহার সম্পর্কিত প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করা হয়। এতে সভা মনে করে এ তথ্য জানা গেলে ঐ সকল মসজিদ/ উপাসনালয়ের বিদ্যুৎ ব্যবহার এবং তাদের আয় সম্পর্কে একটা ধারণা পাওয়া যাবে।

৩। বিদ্যুৎ সরবরাহকারী সংস্থা কর্তৃক স্বাবলম্বী প্রতিষ্ঠান বাদ দেয়া সম্পর্কিত বিষয়ে সভায় আলোচনান্তে অভিমত ব্যক্ত করা হয় যে, ১৯৯১ সালের তালিকাভুক্ত এ সকল মসজিদের মধ্যে অনেক মসজিদই ইতোমধ্যে স্বাবলম্বী হয়েছে। তথাপি ১০০ ইউনিট বিদ্যুৎ বিল মওকুফ পাচ্ছে। বিশেষ করে শহর অঞ্চলে অবস্থিত প্রায় সকল মসজিদই স্বাবলম্বী। তাই এ সকল মসজিদকে পর্যায়ক্রমে বিল বিদ্যুৎ বিল মওকুফের তালিকা হতে বাদ দেয়ার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। বিষয়টি স্পর্শকাতর হলেও দেশের স্বার্থেই এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে তালিকাভুক্ত ২২,২১৮টি মসজিদ/উপাসনালয়ের তালিকা মাঠ পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর প্রেরণ করে তা প্রত্যায়ন করা এবং বিদ্যুৎ ব্যবহার সম্পর্কিত তথ্য নেয়া যেতে পারে। পরবর্তীতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। সভা এ বিষয়ে একমত পোষণ করে।

৪। পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতায় যে. ১৩,৭০১টি (তাদের হিসাব আনুযায়ী ১৫৬৪৮টি)মসজিদ/ উপাসনালয়ের তালিকা প্রদানের জন্য এ মন্ত্রণালয় হতে একাধিকবার বলা হলেও দীর্ঘদিন যাবৎ এ তালিকা প্রদান করা হচ্ছে না মর্মে সভাকে অবহিত করা হয়। প্রেক্ষিতে পল্লী বিদ্যুৎতায়ন বোর্ডের প্রতিনিধি বলেন যে, বিভিন্ন জটিলতার কারণে এ তালিকা প্রেরণ করা সম্ভব হয়নি। তবে আগামী ৩(তিন) মাসের মধ্যে তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। সভায় এ সময়ের মধ্যে তালিকা প্রেরণের উপর গুরুত্বারোপ করে।

৫। চলতি ২০১২-১৩ অর্থ বছরের বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় অবহিত করা হয় যে, চলতি অর্থ বছরের বাজেট বাস্তবায়ন কৌশলে চার কিস্তিতে বিদ্যুৎ বিল পরিশোধের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বাজেটের অর্থ ব্যয়ের উপর মন্ত্রণালয়ের performance নির্ভর করছে। তাই চার কিস্তিতে বিদ্যুৎ বিলের অর্থ পুনর্ভরণ করা প্রয়োজন। বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষকে প্রথম কোয়ার্টারের বিলের দাবী মসজিদ/উপাসনালয়ের তালিকাসহ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

চলমান পাতা/২

৬। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক) বিদ্যুৎ সরবরাহকারী পাঁচটি (০৫) প্রতিষ্ঠানের আওতায় তালিকাভুক্ত ২২,২১৮টি মসজিদ/উপাসনালয়ের মধ্যে বিভিন্ন সময়ে বিভিন্ন প্রতিষ্ঠানের আওতায় অধিগ্রহণ করায় সংস্থাওয়ারী সংখ্যার তারতম্য হচ্ছে। ইতোপূর্বে আন্তঃসংস্থায় যোগাযোগ করা হলেও এর সুফল পাওয়া যায়নি। তাই এবিষয়টি নিরসনের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগের একজন যুগ্ম-সচিবের নেতৃত্বে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি অন্তর্ভুক্তপূর্বক কমিটি গঠন করে বিষয়টি নিষ্পত্তি করতে হবে।

বাস্তবায়ন কর্তৃপক্ষ ঃ

সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

খ) তালিকাভুক্ত মসজিদ/উপাসনালয়ের তালিকা মাঠ পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তাদের নিকট প্রেরণ করে উক্ত মসজিদ/উপাসনালয় সম্পর্কে প্রত্যায়ন এবং মাসিক বিদ্যুৎ ব্যবহার সম্পর্কিত তথ্য সংগ্রহ করতে হবে।

বাস্তবায়ন কর্তৃপক্ষ ঃ

বাজেট শাখা ও অনুদান শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

গ) ডেসকো ও ডেসার অধিভুক্ত মসজিদ/উপাসনালয়ের বিদ্যুৎ ব্যবহার সম্পর্কিত (বিগত দুই (২) বছরে মাসিক কত ইউনিট বিদ্যুৎ ব্যবহার হচ্ছে/হয়েছে) একটি প্রতিবেদন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

বাস্তবায়ন কর্তৃপক্ষ ঃ

চেয়ারম্যান, ডেসা এবং ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো।

ঘ) ২০১২-১৩ অর্থ বছরের ১ম কোয়ার্টারের বিদ্যুৎ বিলের দাবী মসজিদ/উপাসনালয়ের তালিকাসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

বাস্তবায়ন কর্তৃপক্ষ ঃ

সচিব, বিদ্যুৎ বিভাগ/চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও ডেসা ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো ও ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ।

৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
তারিখ ঃ ২২/১১/২০১২
(কাজী হাবিবুল আউয়াল)
সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

নং-ধবিম/বাজেট/৩-৩/২০১২/৩০০ তারিখ –২৭/১১/২০১২ খ্রিঃ

বিতরণ ঃ

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃঃ আঃ জনাব মোছাঃ মাকছুদা খাতুন, যুগ্ম-সচিব)।
৩. চেয়ারম্যান বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, বা/এ, ঢাকা।
৪. চেয়ারম্যান পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
৫. চেয়ারম্যান, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, রমনা, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো, বাড়ী নং # ২২/B,ফারুক সরণী, নিকুঞ্জ-২, ঢাকা।
৭. ব্যবস্থাপনা পরিচালক, ওয়েষ্টজোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা।
৮. উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব (অনুদান), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ

১. উপ-সচিব (বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্ম-সচিব (প্রঃ), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ আফজাল [illegible])
গবেষণা কর্মকর্তা।